

উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প

স্থানীয় সরকার বিভাগ

জনস্বাস্থ্য প্রকৌশল ভবন

১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরনী, কাকরাইল, ঢাকা-১০০০।

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫(১).২০১৯-২০০৮

তারিখঃ ২৭.০৬.২০১৯ খ্রি:

বিষয়: উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প বাস্তবায়নের সম্মতি ও অর্থ বরাদ্দ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়নাধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বাস্তবায়নের জন্য আপনার উপজেলা হতে প্রেরিত নিম্নোক্ত সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য সম্মতি প্রদান করা হলো। উপ-প্রকল্প সমূহ বাস্তবায়নের জন্য নিম্নোক্ত পরিমাণ অর্থ অগ্রিম বরাদ্দ প্রদান করা হলো। বরাদ্দকৃত এই অর্থ প্রকল্পের একাউন্ট হতে উপজেলা পরিষদের প্রকল্পের নামীয় একাউন্টে স্থানান্তর করা হবে।

প্রকল্প নং	প্রকল্পের শিরোনাম	বরাদ্দকৃত অগ্রিম (ভ্যাট ও কর ব্যতীত) টাকা
CD-২০১৮-২০১৯-৫০৮১৮২-০১	গর্ভবতী ও প্রসূতি মা এবং নবজাতক শিশুর স্বাস্থ্য সুরক্ষা বিষয়ে প্রশিক্ষণ বিহীন ধাত্রীদের সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ	১৫৫০০০
CD-২০১৮-২০১৯-৫০৮১৮২-০২	নিরাপদ আম উৎপাদন, সংরক্ষণ ও রপ্তানি বিষয়ে আম উৎপাদনকারী কৃষাণ-কৃষাণীদের সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ	১৬৫০০০
CD-২০১৮-২০১৯-৫০৮১৮২-০৩	কার্প জাতীয় মাছের সাথে পাবদা-গুলশা মাছের মিশ্রচাষের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণবিহীন মৎস্যচাষীদের প্রশিক্ষণ	১৭৮৬০০
CD-২০১৮-২০১৯-৫০৮১৮২-০৪	সরকারি কর্মকর্তা, অফিস সহকারী ও ইউনিয়ন পরিষদের সচিবদের, ওয়েব পোর্টাল এবং অনলাইন ব্যবহারের মাধ্যমে নাগরিক সেবা সহজীকরণ সংক্রান্ত সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ	১৭১৪০০
CD-২০১৮-২০১৯-৫০৮১৮২-০৫	মাল্টিমিডিয়া মাধ্যমে পাঠদানের জন্য কনটেন্ট তৈরি, শ্রেণীকক্ষ আনন্দদায়ক ও আকর্ষণীয় করার কৌশল বিষয়ে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ	১৭৫০০০
CD-২০১৮-২০১৯-৫০৮১৮২-০৬	আধুনিক ও স্বাস্থ্যসম্মত পদ্ধতিতে গরুর হুট-পুষ্টিকরণ ব্যবস্থাপনা সংক্রান্ত বিষয়ে সক্ষমতা বৃদ্ধিমূলক খামারীদের প্রশিক্ষণ	১৫৫০০০
মোট=দশ লক্ষ টাকা		১০০০০০০.০০

১. বরাদ্দকৃত অর্থ অত্র পত্রের সাথে সংযুক্ত সক্ষমতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্প পরিকল্পনা ও বাস্তবায়ন নির্দেশনাসমূহ যথাযথ অনুসরণ করে ব্যয় করতে হবে।
২. সকল উপ-প্রকল্প প্রস্তাবনা সংশ্লিষ্ট উপজেলা কমিটির মাধ্যমে উপজেলা প্রকল্প বাছাই কমিটিতে উপস্থাপন করতে হবে।
৩. উপ-প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার সংশ্লিষ্ট বিভাগের সহযোগিতায় দৈততা পরিহারের বিষয়টি নিশ্চিত করবেন এবং প্রকল্প সমাপ্তি প্রতিবেদনে দৈততা পরিহার করা হয়েছে এ মর্মে প্রত্যয়ন প্রদান করবেন।



(মোঃ মহসিন)

প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)

ফোন: ৯৩৪৬১৬৭

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ

পুঠিয়া, রাজশাহী।

২। উপজেলা নির্বাহী অফিসার

পুঠিয়া, রাজশাহী।

অনুলিপি সদয় অবগতির জন্য:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
২. অতিরিক্ত সচিব (উপজেলা), স্থানীয় সরকার বিভাগ।
৩. পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী।
৪. জেলা প্রশাসক, রাজশাহী।
৫. উপ পরিচালক স্থানীয় সরকার, রাজশাহী।
৬. প্রোগাম অফিসার, জাইকা
৭. উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটিটর, পুঠিয়া, রাজশাহী।